



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখার সফটওয়্যার অটোমোশন কার্যক্রম উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৩ জুন ২০২১খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব শাখার সফটওয়্যার অটোমোশন কার্যক্রম উদ্বোধন করা হয়েছে। ২৩ জুন ২০২১ তারিখ সকাল ১১টায় এ কার্যক্রম উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধনী বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, অর্থ ও হিসাব শাখা অটোমোশনের মধ্যদিয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়ে দাপ্তরিক পর্যায়ে ডিজিটাইজেশনের প্রক্রিয়া শুরু হলো। পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তরগুলোকে এ অটোমোশন কার্যক্রমের আওতায় আনা হবে। বাংলাদেশকে নিয়ে ডিজিটাইজেশনের যে স্বপ্ন বঙ্গবন্ধু দেখেছিলেন সে স্বপ্নকে বাস্তবে রূপ দিয়েছেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। যার সুফল এখন আমরা সর্বোচ্চ পর্যায়ে থেকে শুরু করে ত্বনমূল পর্যায় পর্যন্ত পাচ্ছি। সোবার মানকে আন্তর্জাতিক মানদণ্ডে উন্নিতকরণ এবং দ্রুত সেবা নিশ্চিতকরণের অংশ হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে এ কার্যক্রম শুরু হলো। এ সময় তিনি আরও বলেন, আগামীতে দক্ষিণাঞ্চলের অন্যতম হাব হবে বরিশাল বিশ্ববিদ্যালয়। তাই আমাদের সকলকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা ও দাপ্তরিক কার্যক্রমেকে আরও বেগবান ও গতিশীল করতে আন্তরিক ভাবে কাজ করে যেতে হবে। বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্কিং এন্ড আইটি দপ্তরের পরিচালক ও সিএসই বিভাগের সহকারি অধ্যাপক রাহাত হোসাইন ফয়সাল এর সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধানগণ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমিতির নেতৃবৃন্দ এবং অর্থ ও হিসাব শাখার কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। বরিশাল বিশ্ববিদ্যালয়কে এ বিষয়ক কারিগরি সহায়তা প্রদান করে সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান 'সফটওয়্যার সেল'। অটোমোশন সফটওয়্যার এর মাধ্যমে এখন থেকে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা তাদের বেতন ভাতাদিসহ এর সাথে সংশ্লিষ্ট যাবতীয় তথ্যাদি সম্পর্কে সহজেই অবগত হতে পারবেন। এছাড়া অর্থ ও হিসাব শাখার অন্যান্য কার্যক্রম পরিচালনায়ও এ সফটওয়্যার মূখ্য ভূমিকা পালন করবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস